ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮৭
আগরতলা, ০৭ এপ্রিল, ২০২৫

**রোগ প্রতিরোধে জনগণকে আরও বেশী সচেতন করতে হবে ঃ মুখ্যমন্ত্রী**

দৈনন্দিন জীবনশৈলীর পরিবর্তনের মধ্যদিয়ে নিজেকে সুস্থ ও সবল রাখার পাশাপাশি অন্যদেরকেও সুস্থ থাকার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন উপলক্ষে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে উজ্জয়ন্ত প্রসাদের সামনে আয়োজিত স্বাস্থ্য র‍্যালির সূচনা করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সুস্থ ও সবল থাকার জন্য প্রচার ও প্রসারের পাশাপাশি বিভিন্ন রোগ প্রতিরোধেও নিজেদেরকে সচেতন রাখতে হবে। ড্রাগ, এইচ আই ভি সহ বিভিন্ন রোগ প্রতিরোধে জনগণকে আরও বেশী করে সচেতন করে তুলতে হবে। তিনি বলেন, রাজ্য সরকার স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে আধুনিক সুযোগ সুবিধা যুক্ত বিভিন্ন চিকিৎসা পরিকাঠামো গড়ে তুলছে। এই বছরের বাজেটে বিভিন্ন জেলায় নতুন করে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র (পি এইচ সি) গড়ে তোলার সংস্থান রাখা হয়েছে। খোলা হবে আধুনিক সুযোগ সুবিধা যুক্ত একটি চক্ষু হাসপাতাল যাতে রাজ্যের স্বাস্থ্য পরিষেবা আরও উন্নত হয়। মুখ্যমন্ত্রী বলেন, এখন চিকিৎসার সমস্ত সুযোগ সুবিধা রাজ্যেই পাওয়া যাচ্ছে। ফলে উন্নত চিকিৎসা পরিষেবার জন্য রাজ্যের বাইরে যাওয়ার প্রবণতা কমেছে। কিন্তু খেয়াল রাখতে হবে আগাম স্বাস্থ্য সচেতনতাই পারে আমাদেরকে বিভিন্ন রোগ থেকে দূরে রাখতে।

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, রাজ্য বর্তমানে বিভিন্ন ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। তথাপি বাল্য বিবাহ প্রতিরোধে আমাদের আরও কঠোর পদক্ষেপ নিতে হবে। রাজ্য সরকার সেদিকটা নজর রাখছে। সচেতনতার উপরও জোড় দেওয়া হয়েছে। এই অনুষ্ঠানে স্বাগত ভাষণদেন হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার অধিকর্তা ডা. প্রদীপ ভৌমিক। এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ফাউন্ডেশনের সভাপতি ডা. এম এল ভৌমিক, সচিব দিবাকর দেবনাথ সহ বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এই স্বাস্থ্য র‍্যালির ফ্ল্যাগ অফ করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা নিজেও র‍্যালিতে অংশগ্রহন করেন। র‍্যালিটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উল্লেখ্য, এই বছরের বিশ্ব স্বাস্থ্য দিবসের মূল থিম হলো ঃ ‘হেল্থি বিগিনিং হোপফুল ফিউচার’।

*****